

কেন্দ্রীয় ব্যাংক শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৬৩—আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১১ জুন, ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৩০৬ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফছানা বিলকিস

উপসচিব।

জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

প্রজ্ঞাপন

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৪ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩৮/২০২৪/কাস্টমস/৩৩১—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড ডিপ্লোমেটিক বন্ডেড ওয়ারহাউস প্রতিষ্ঠান মেসার্স সাবের টেডার্স লিঃ (বন্ড লাইসেন্স নং-৪/কাস/এসবিডব্লিউ/১৯৮২, তারিখ: ১৬-০২-১৯৮২ খ্রিঃ) এর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নবূপে নির্ধারণ করিল, যথা:

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম	২০২৪-২০২৫ অর্থবছরে নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ
১.	মেসার্স সাবের টেডার্স লিঃ	২১,৬০,০০০ মার্কিন ডলার

২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২৩-২০২৪ অর্থ বছরের আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত পণ্যের গুণায়িত মূল্য (১৩,১৬,১৩৪.৬৯ মার্কিন ডলার) বর্তমান অর্থ বছরের প্রাপ্যতা হতে সমন্বয় করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

এইচ, এম আহসানুল কবীর

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

ভূমি মন্ত্রণালয়

জরিপ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/১৫ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭৯.২৪.৩৩৭—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চড়ান্তভাবে প্রকাশ করা হলো: